

তারিখ: 18/11/2016

বিক্রয় কেন্দ্র (POS) থেকে টাকা তোলা – টাকা তোলার উর্দ্ধ সীমা এবং গ্রাহক ফী / আদায় – আংশিক অব্যাহতি (ছাড়)

RBI/2016-17/140

DPSS.CO.PD.No.1280/02.14.003/2016-17

নভেম্বর 18, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,  
রাষ্ট্রায়ত্ত(সরকারি) ব্যাঙ্ক সমূহ/ প্রাইভেট সেক্টর (বেসরকারি) ব্যাঙ্ক সমূহ / বিদেশি ব্যাঙ্ক সমূহ /  
আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক সমূহ / শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক সমূহ /  
রাজ্য সমবায় ব্যাঙ্ক সমূহ / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ

মহাশয়া /প্রিয় মহাশয়,

বিক্রয় কেন্দ্র (POS) থেকে টাকা তোলা – টাকা তোলার উর্দ্ধ সীমা এবং গ্রাহক ফী / আদায় – আংশিক অব্যাহতি (ছাড়)

বিক্রয় কেন্দ্র থেকে টাকা তোলার জন্য, ব্যাংকগুলির জারি করা বিভিন্ন অঞ্চলভিত্তিক, দিনপ্রতি নির্ধারিত সীমার ক্ষমতায়ুক্ত সমস্ত ডেবিট কার্ড / মুক্ত শৃঙ্খল পূর্বপ্রদত্ত মূল্যের কার্ড সংক্রান্ত বিষয়ে আমাদের জুলাই 22, 2009, সেপ্টেম্বর 22,2013 এবং আগস্ট 27, 2015 তারিখাঙ্কিত সার্কুলার যথাক্রমে DPSS.CO.PD.No.147/02.14.003/2009-10, DPSS.CO.PD.No.563/02.14.003/2013-14 এবং DPSS.CO.PD.No.449/02.14.003/2015-16- এর উল্লেখ করা হচ্ছে।

2. বিদ্যমান ₹ 500/- এবং ₹ 1000/- টাকার ব্যাংকনোটের (বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট-এসবিএন)-এর আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার করার পর ভারতীয় রিজার্ভ ব্যাংক তাদের নভেম্বর 14, 2016 তারিখাঙ্কিত সার্কুলার DPSS.CO.PD.No. 1240 /02.10.004/2016-2017 -এর মাধ্যমে ব্যাংকগুলিকে নভেম্বর 10, 2016 তারিখ থেকে নভেম্বর 30,2016 তারিখ পর্যন্ত সেভিংস ব্যাংক গ্রাহকদের ATM লেনদেনের জন্য ATM সুবিধার কারণে লভ্য আদায়, পর্যালোচনার সাপেক্ষে শিথিল করার জন্য নির্দেশ দিয়েছে।

3. অন্য গ্রাহক কেন্দ্রীয় ব্যবস্থা হিসাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে (i) বিক্রয় কেন্দ্রে নগদ টাকা তোলার উর্দ্ধসীমা (ভারতের ব্যাংকগুলির দ্বারা জারি করা ডেবিট কার্ড / মুক্ত শৃঙ্খল পূর্বপ্রদত্ত মূল্যের কার্ড) সর্বত্র সমান করে ₹ 2000 টাকা দিন প্রতি করা হয়েছে সমস্ত কেন্দ্রগুলির (Tier I থেকে VI) বাণিজ্যিক সংস্থার জন্য, যে কার্ডগুলিতে এই সুবিধা প্রদত্ত আছে (ii) গ্রাহক থেকে আদায়, যদি থাকে, তবে এই ধরনের সব লেনদেনের জন্য সেই আদায় শিথিল করা হবে (গ্রহণ করা হবে না)।

4. উপরোক্ত বিষয়, পর্যালোচনার সাপেক্ষে, এই সার্কুলারের দিন থেকে প্রযোজ্য হবে এবং ডিসেম্বর 30, 2016 তারিখ পর্যন্ত লাগু থাকবে।

5. এই বিষয়ে অন্য বিদ্যমান নির্দেশিকা অপরিবর্তিত থাকবে।

6. পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেম অ্যাক্ট, 2007 (2007 এর অ্যাক্ট 51) –এর ধারা 10(2) তৎসহ পঠিত ধারা 18 –এর অধীনে এই বিশেষ নির্দেশিকা জারি করা হল।

আপনার বিশ্বস্ত,

(নন্দ এস দাভে)

মুখ্য মহাপ্রবন্ধক